

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৪২

আগরতলা, ২০ জানুয়ারি, ২০২৪

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস ২০২৪ উপলক্ষে রাজ্যপাল ইন্দুসেনা বেডিড নাল্লু রাজ্যবাসীকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, ‘নর্থ ইস্টার্ন রিজিয়ন (রিআর্গানাইজেশন) অ্যাস্ট ১৯৭১ অনুযায়ী, ২১ জানুয়ারি, ১৯৭২ সালে ত্রিপুরা পূর্ণরাজ্যের মর্যাদা লাভ করে। আমি পূর্ণরাজ্যের মর্যাদা লাভের জন্য যে সকল নেতৃত্ব সহায়তা করেছেন তাদের অভিবাদন জানাই। রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে আমি রাজ্যবাসী, বিশেষত অনুল্লেখিত বীর, ছাত্রছাত্রী, যুবক যুবতী, সাধারণ জনগণ, পুলিশ, সামরিক, আধাসামরিক বাহিনী, আধিকারিক এবং কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের আধিকারিকদের ধন্যবাদ জানাই।

এই ঐতিহাসিক দিনে আমরা সবাই মিলে আমাদের প্রাপ্তি এবং রাজ্যের মানুষের সমৃদ্ধি ও কল্যাণের প্রতি অঙ্গীকারবদ্ধ হবো। আমরা একসঙ্গে নিজেদের মধ্যে বৈচিত্রের ধারাকে বজায় রেখেই উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে পারবো।’

\*\*\*\*\*